স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেণ্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।


Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


**বহরমপুর এক্সরে ক্লিনিক**

হল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্ত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৫০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৩শে বৈশাখ বুধবার, ১৩৭১ ইংরাজী 6th May. 1964 { ৪৭ সংখ্যা




সকল ঘরের তরে...

# দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seaue 7

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354.09.87

# খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক :

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M. 15.57

সবচেয়ে সুবিধায় বই কিনতে হ'লে

জনপ্রিয় প্রতিষ্ঠান ষ্টুডেণ্টস্-ফেভারিট-এ আসুন।

আমাদের বিশেষত্ব :— রঘুনাথগঞ্জ ( বাস ষ্ট্যাণ্ড )

* এক সঙ্গে সেট বই সরবরাহ করা
* শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নানাবিধ সুবিধা দেওয়া
* ছাত্র-ছাত্রীদের উপযুক্ত পাঠ্য ও অর্থপুস্তক নির্ব্বাচনে সহায়তা করা
* আমাদের সততায় সকলের সহানুভূতি লাভ করা।

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সৰ্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৩শে বৈশাখ বুধবার সন ১৩৭১ সাল।

# আবেদন-নিবেদন-এর বেদন

—•—

অন্নবস্ত্রের অভাব যে দেশে, সে দেশের অধিবাসীরা সরকারের নিকট তাহাদের অভাব দূর করার আশায় আবেদন নিবেদন চিরদিনই করিয়া আসিতেছে। সরকারের প্রতি বৎসরের বাজেটের দিকে দৃষ্টিপাত করিলে, দেখা যায়—কোটি কোটি টাকা ঘাটতি। সকলের আবেদনে কর্ণপাত বা দৃষ্টিপাত করিয়া, প্রত্যেকের প্রার্থনা পূর্ণ করিতে সরকার চিরদিনই অক্ষম। যদিও বা কোন লোক-হিতকর কার্য্য অবশ্য কর্ত্তব্য—এই ধারণায় সে কার্য্য সম্পন্ন করার সুমতি সরকারের হইলে, তাহার উদ্যোগ আয়োজন করিতে সময় ও অর্থের সদ্ব্যবহার যাহা হয় তাহা অনেকেরই অবিদিত নহে। যে অর্থ বরাদ্দ করা হয়, আসর জমাতেই তাহার অর্দ্ধেক নিঃশেষ হইয়া যায়। প্ল্যান, এষ্টিমেট, টেণ্ডার ডাকা, কন্‌ট্রাক্টর নিয়োগ, ইত্যাদিতে সময়ও অতিবাহিত হয় যথেষ্ট। বরাদ্দ টাকার অতি সামান্য অংশ সেই কল্পিত কর্ম্মে ব্যয়িত হয়। এই সব রাজসিক আয়োজনের ধুমধাম দেখিয়া শুভঙ্করীর মধ্যে পূর্ব্বে যে অঙ্কটি দেওয়া থাকিত—সেইটি মনে হয়

"আছিল দেউল এক বিচিত্র গঠন।
ক্রোধ ভরে ফেলে দিল পবন নন্দন।
অর্দ্ধেক পঙ্কেতে, তার তেহাই সলিলে,
দশম ভাগের ভাগ শেওলার দলে,
উপরে বামায় গজ দেখি বিদ্যমান—
কহহ সুবোধ শিশু দেউল প্রমাণ।"

মঞ্জুরীকৃত টাকার সদ্ব্যবহার এই অঙ্কের মতই হইয়া থাকে।

---

## কাশীরাম দাস স্মৃতি উৎসব

বাংলা মহাভারত রচয়িতা মহাকবি কাশীরাম দাসের জন্মভূমি কাটোয়া থানার সিঙ্গী গ্রামে গত ২রা বৈশাখ কাশীরাম স্মৃতি উৎসব সমারোহের সহিত প্রতিপালিত হইয়াছে। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন বর্দ্ধমান বিভাগের কমিশনার শ্রীভি, এস, সি, বোনার্জী, শ্রীঅনিলকুমার চন্দ, শান্তিনিকেতনের অধ্যাপক শ্রীঅশোকবিজয় রাহা প্রভৃতি কবির প্রতিভা বিষয়ে ভাষণ দেন। সভার শেষে স্থানীয় অধিবাসীরা মহাকবির জন্মস্থান পরিদর্শনের সুব্যবস্থার জন্য অবিলম্বে একটি পাকা রাস্তার দাবী জানান। বর্দ্ধমানের জেলা শাসক শ্রীমেনন, কাটোয়া মহকুমা শাসক শ্রীপরেশ ব্যানার্জী প্রভৃতি অনুষ্ঠানে যোগদান করেন।

---

## রুচিমত ব্যবসা

ব্যক্তি, পরিবার এবং জাতি যে দিক থেকেই হোক না কেন, জীবনে সমৃদ্ধির জন্য অর্থের প্রয়োজন একান্ত অপরিহার্য—এতে বোধ করি কোন দ্বিমত নেই এবং এই অর্থ উপার্জ্জনের জন্য ব্যবসা বাণিজ্যই যে সর্বশ্রেষ্ঠ মাধ্যম এতেও বোধ করি কোন মতভেদ নাই। যে বিষয়ে মতভেদ থাকতে পারে, তা'হল ব্যবসায়ের মাধ্যম বা প্রকৃতি নির্বাচন। অর্থাৎ কোন জিনিসের ব্যবসা করলে লাভ বেশি হবে সে সম্পর্কে ভিন্ন লোকের ভিন্ন মত থাকতে পারে। কেউ হয়তো বলবেন, চালের ব্যবসা করলে লাভ বেশি। কেউ হয়তো বলবেন, কাপড়ের মত ব্যবসা আর কিছু হয় না। আবার, কারো মতে হয়তো তেলের ব্যবসাতেই বেশি লাভ। এমনি ধারা বিভিন্ন লোকের বিভিন্ন মত। সেই পথের পথিক ছাড়া অন্যের পক্ষে তা নিশ্চয় করে বলা শক্ত। তবে একটা বিষয়ে বোধ করি সকলেই এক মত যে, চাল, ডাল, তেল, নুন, কাপড়, কয়লা, বই, ছাপাখানা প্রভৃতি যাই হোক না কেন, যত কম পুঁজি এবং কম পরিশ্রমে লাভের অঙ্ক ফাঁপিয়ে তোলা যায় যে ব্যবসাতে সেই ব্যবসাই সর্ব্বোৎকৃষ্ট। অতএব ব্যবসায়ে নামবার আগে প্রথমেই দেখা উচিত কত কম পুঁজি এবং কম পরিশ্রমে ব্যবসা চালান যায়।

---

## অঞ্চল প্রধান নির্ব্বাচন

রঘুনাথগঞ্জ ১নং ব্লকে বিভিন্ন অঞ্চলে নিম্নলিখিত ব্যক্তিগণ প্রধান নির্ব্বাচিত হইয়াছেন।

জামুয়ার অঞ্চল—শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষাল
জরুর অঞ্চল—শ্রীগিরিজাভূষণ রায়
কানুপুর অঞ্চল—শ্রীরাধাগোবিন্দ মণ্ডল
মির্জাপুর অঞ্চল—মহম্মদ ইয়াকুব হোসেন
দফরপুর অঞ্চল—শ্রীকানাইলাল হালদার
রাণীনগর অঞ্চল—শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায়

---

## কুমার বিমলচন্দ্র সিংহের তৃতীয় মৃত্যু বার্ষিকী

বিগত ১৭ই এপ্রিল কান্দী রাজ কলেজ হলে বিশিষ্ট সাংবাদিক শ্রীচপলাকান্ত ভট্টাচার্য্য, এম-পি মহাশয়ের পৌরোহিত্যে কান্দীর কুমার বিমলচন্দ্র সিংহের তৃতীয় মৃত্যু বার্ষিকী অনুষ্ঠিত হইয়াছে। কান্দীর বহু বিশিষ্ট ব্যক্তি এই অনুষ্ঠানে যোগদান করিয়াছিলেন।

---

## নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্য বৃদ্ধি

বর্ত্তমানে প্রতিটী খাদ্যসামগ্রীর মূল্য অস্বাভাবিক-ভাবে বাড়িয়া চলিয়াছে। এই মূল্য বৃদ্ধির জন্য জনসাধারণের মনে নিদারুণ উদ্বেগের সৃষ্টি হইয়াছে। জিনিসের দাম যেভাবে বেড়ে চলেছে মানুষের আয় সে অনুপাতে কিছুই বাড়ে নাই। মধ্যবিত্ত জনগণের মনে ক্রমশঃ হা হুতাশ দেখা দিয়াছে। জ্বালানীর মূল্য বৃদ্ধিতেও লোকে অস্থির হইয়া পড়িয়াছে।

---

## শুভ বিবাহ

গত ১৮ই বৈশাখ শুক্রবার রুদ্রনগর নিবাসী শ্রীরমণীমোহন মুখোপাধ্যায় মহাশয়ের কন্যা শ্রীমতী কল্পনার সহিত রঘুনাথগঞ্জের শ্রীহরিহর ঘোষাল মহাশয়ের পুত্র শ্রীমান্ সূর্য্যনারায়ণের শুভ বিবাহ সুসম্পন্ন হইয়াছে। ঘোষাল মহাশয় বৌভাত উপলক্ষে বহু নিমন্ত্রিত ভদ্রলোক ও মহিলাকে ভোজন করাইয়াছেন। ভগবান নবদম্পতিকে সুখ সম্পদসহ দীর্ঘায়ু করুন।

## কবি চণ্ডীদাস স্মৃতি উৎসব

বিগত ৫ই বৈশাখ হইতে তিনদিনব্যাপী অনুষ্ঠানের মাধ্যমে বীরভূম ছাতনায় কবি চণ্ডীদাস স্মৃতি উৎসব উদ্‌যাপিত হয়। প্রতি বৎসর চণ্ডীদাসের আরাধ্যা শ্রীশ্রীবাশুলি দেবীর উৎসব উপলক্ষে এই স্মৃতিবাসর অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে ৬ই বৈশাখ বিকালে চণ্ডীদাস সাংস্কৃতিক সংঘের উদ্যোগে একটী জনসভা হয়। উহাতে চণ্ডীদাস বিদ্যাপীঠের শিক্ষক শ্রীহরিদাস চট্টোপাধ্যায়, বিশিষ্ট সমাজসেবী শ্রীসত্যসনাতন দেওঘরিয়া ও (সভাপতি) পণ্ডিত রাখহরি চট্টোপাধ্যায় কবির জীবনী, কাব্য ও ধর্মাদর্শ সম্বন্ধে আলোচনা করেন।

## দুর্গাপুরে পাক গুপ্তচরদের তৎপরতা বৃদ্ধি

দুর্গাপুরে পাক গুপ্তচরদের তৎপরতা বৃদ্ধি পাইয়াছে বলিয়া প্রকাশ। এই ব্যাপারে এ ডি বি-র সিকিউরিটি অফিসার মেজর ডি সুজা প্রায় ৪ মাস পূর্বে গোয়েন্দা বিভাগের উর্দ্ধতন অফিসারদের দৃষ্টি আকর্ষণ করিয়াছিলেন, কিন্তু তাহাতে কোন ফল হয় নাই। প্রকাশ, এই স্থানের এ ডি বি কলোনীতে কোন কোন সংখ্যালঘু গৃহে বহু লোক প্রতিদিনই সন্দেহজনকভাবে যাতায়াত করে।

## যক্ষ্মা নিবারণে টাকা সংগ্রহ

বর্দ্ধমানের চীফ মেডিক্যাল অফিসার ডাঃ শান্তিরঞ্জন দাশগুপ্ত বাল্যকাল হইতে যাদুবিদ্যার সাধনা করিয়া যে চরম সিদ্ধিলাভ করিয়াছেন, তাহা গত ১২ই এপ্রিলের প্রদর্শনীতে বর্দ্ধমানের সকল শ্রেণীর বিশিষ্ট ব্যক্তিদের অকুণ্ঠ প্রশংসায় মুখরিত হইয়াছে। বর্দ্ধমান যক্ষ্মা নিবারণী সমিতির তহবিলের জন্য স্থানীয় আরতি সিনেমায় ডাঃ দাশগুপ্ত তাঁহার সহকারীগণসহ এই নিখুঁত, সর্ব্বাঙ্গ সুন্দর ইন্দ্রজাল পরিবেশন করিয়া সকলকে চমৎকৃত করিয়াছেন। প্রদর্শনীতে সংগৃহীত দশ সহস্রাধিক টাকা যক্ষ্মা নিবারণী সমিতির নির্ম্মিয়মান ভবনের ঘাটতি পূরণ করিবে।

## মুর্শিদাবাদ ইনষ্টিটিউট্ অব টেকনোলজি

কাশিমবাজার রাজ পোঃ

বহরমপুর, পশ্চিমবঙ্গ

## ভর্ত্তির দরখাস্ত—১৯৬৪-৬৫

১৯৬৪-৬৫ সালের মেকানিক্যাল, ইলেক্‌ট্রিক্যাল ও সিভিল ইঞ্জিনীয়ারিংএ (এল. এম. ই., এল. ই. ই. ও এল. সি. ই.) তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমে ভর্ত্তির জন্য নির্দ্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

প্রিন্সিপ্যালের অফিস হইতে যে কোন কার্যের দিন বেলা ১০-৩০ মিনিট হইতে ৩টা পর্য্যন্ত ব্যক্তিগতভাবে নগদ ·৫০ নঃ পঃ প্রদানে অথবা নিজস্ব ঠিকানা সম্বলিত ·৭৫ নঃ পঃ ডাক টিকিট সহ ৯"×৪" মাপের খামের সহিত ·৫০ নঃ পঃ মনি অর্ডারযোগে পাঠাইলেও দরখাস্তের ফরমের সহিত প্রস্পেক্টাস্ পাওয়া যাইবে। (প্রস্পেক্টাস সহ দরখাস্তের মূল্য বাবদ কোন পোষ্টাল অর্ডার গ্রাহ্য হইবে না)

দরখাস্ত ফরম যথাযথ পূরণপূর্ব্বক প্রিন্সিপ্যাল এম. আই. টি. বহরমপুরকে প্রাপক করিয়া দুই টাকা মূল্যের ক্রসড পোষ্টাল অর্ডার সহযোগে ১৫ই জুন, ১৯৬৪ তারিখের মধ্যে প্রিন্সিপ্যালের অফিসে অবশ্যই পৌছান চাই।

১লা জানুয়ারী ১৯৬৪ তারিখে বয়স অবশ্যই ১৫ বৎসরের নিম্নে এবং ২০ বৎসরের উর্দ্ধে না হয়। (তপশিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে এক বৎসর শিথিলযোগ্য।)

লিখিত ভর্ত্তি পরীক্ষা এবং নির্ব্বাচক মণ্ডলীর কাছে সাক্ষাৎকারের ফলাফলের উপর নির্ভর করিয়া তিন বৎসরের ডিপ্লোমা পাঠক্রমের প্রথম বার্ষিক শ্রেণীতে ভর্ত্তি করা হইবে—যে পরীক্ষা অনুমোদিত কোন বিদ্যায়তন হইতে স্কুল ফাইনাল অথবা সমতুল কোন পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর জন্য উন্মুক্ত। যে প্রার্থী স্কুল ফাইনাল অথবা কোন সমতুল পরীক্ষায় বসিয়াছে এবং এই বৎসর (জুলাই, ১৯৬৪) উত্তীর্ণ হইবার সম্ভাবনা রাখে, সেও নির্দ্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত করিতে পারে। পরীক্ষার ফলাফল বাহির হইবার ১০ দিনের মধ্যে মার্কসিটের নকল অবশ্যই পাঠাইতে হইবে।

ভর্ত্তির পরীক্ষা ১৯৬৪ সালের জুন মাসের শেষের দিকে অনুষ্ঠিত হইবে।

হষ্টেলে অল্পসংখ্যক সিট পাওয়া যাইতে পারে।

পি, সি, ঘোষ, প্রিন্সিপ্যাল।

## বিজ্ঞপ্তি

সর্ব্বসাধারণের অবগতির জন্য এই নোটিশ দ্বারা জানানো যাইতেছে যে মুর্শিদাবাদ জেলার অন্তর্গত থানা সাগরদীঘির অধীন মৌজে ডিঙ্গালী মধ্যে ১৩৮নং দাগের ৩-৯৩ তিন একর তিরানব্বই শতক সম্পত্তির মালিক দখলিকার আমি হইতেছি এবং আমি উক্ত সম্পত্তিতে দীর্ঘ দ্বাদশ বর্ষের বহু উর্দ্ধকাল যাবৎ স্বত্ববান ও দখলিকার আছি। বর্ত্তমান রিভিসন্যাল সেটেলমেণ্টের ভুল রেকর্ড মূলে শ্রীশ্রী৺শিবঠাকুর পক্ষে সেবাইত ও স্বয়ং ইন্দুভূষণ তালুকদার ও হিমাংশুভূষণ তালুকদার উক্ত সম্পত্তি অন্যায়ভাবে হস্তান্তর করিবার চেষ্টা করিতেছেন। প্রকাশ থাকে যে উক্ত সম্পত্তি লইয়া উক্ত তালুকদার বাবুরা মোকদ্দমা করতঃ খাস দখলের প্রার্থনা করিয়াও ভবিষ্যতে চালান নাই। উক্ত জমিতে তাহাদের কোন প্রকার স্বত্ব বা দখল নাই। এমতে উক্ত সম্পত্তি বিক্রয় করিবার পক্ষে তালুকদার বাবুদের কোন প্রকার অধিকার নাই। তৎসত্ত্বেও যদি কেহ উক্ত সম্পত্তি খরিদ করেন তবে নিজ দায়িত্বে করিবেন। সর্ব্বসাধারণের অবগতির জন্য নিজ কর্ত্তব্যবোধে এই বিজ্ঞপ্তি দিলাম। ইতি—

১৩৭১ সাল, ২১শে বৈশাখ।

আহিয়া মহাম্মদ মণ্ডল

সাং বয়াড়, থানা সাগরদীঘি।

## নোটিশ

মুর্শিদাবাদ জেলা কান্দি থানার অন্তর্গত জেমো পচুই মদের দোকান ১৯৬৪-৬৫ সালের জন্য বন্দোবস্ত করা হইবে। তজ্জন্য পঁচাত্তর নয়া পয়সা মূল্যের কোর্টফি সহ দরখাস্তকারীর নাম, পিতার নাম, বর্ত্তমান ও স্থায়ী বাসস্থান, বয়স, শিক্ষাগত যোগ্যতা, আর্থিক সঙ্গতি ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

ইংরাজী ১৬ই মে, ১৯৬৪ তারিখ পর্য্যন্ত দরখাস্ত বহরমপুর জিলা আবগারী অফিসে গ্রহণ করা হইবে।

এস, কে, ব্যানার্জ্জী

অন্তঃশুল্কাধ্যক্ষ মুর্শিদাবাদ।




**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২





# সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মুল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

## কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)